

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ

(২০২৬ইং সনের ৭১ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ০২ মার্চ ২০২৬ খ্রি.তারিখ রোজ সোমবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লিখিত বেঞ্চ গঠন করা হইলঃ

১. বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন
এবং
বিচারপতি মোঃ জাকির হোসেন

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদিসহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য সকল প্রকার ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; শুনানীর জন্য ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, প্রতি বৃহস্পতিবার দুপুর ২:০০ ঘটিকা হইতে বিকাল ৪:১৫ মিনিট পর্যন্ত ফৌজদারী কার্যবিধি ৪৯৮ এবং ৫৬১A ধারা মোতাবেক ২০২৪ ইংসাল পর্যন্ত ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ শুনানী ও নিষ্পত্তি করিবেন এবং তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করিবেন।

স্বাঃ-

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখঃ ০১ মার্চ ২০২৬ খ্রি।

প্রচারের জন্যঃ

১. বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন
২. বিচারপতি মোঃ জাকির হোসেন